


# কালের কাণ্ড

আপডেট : ৩ নভেম্বর, ২০১৮ ২৩:৩০

আজকের জেএসসি জেডিসি পরীক্ষা শুক্রবার

শুরু হবে সকাল ৯টায়

 আজকের জেএসসি জেডিসি পরীক্ষা শুক্রবার

জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) ও জুনিয়র দাখিল সার্টিফিকেটের (জেডিসি) আজ রবিবারের পরীক্ষা স্থগিত করা হয়েছে। উভয় পরীক্ষাই আগামী ৯ নভেম্বর শুক্রবার সকাল ৯টায় অনুষ্ঠিত হবে বলে গতকাল শনিবার শিক্ষা মন্ত্রণালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে।

শিক্ষা মন্ত্রণালয়ের বিজ্ঞপ্তিতে ‘অনিবার্য কারণে’ এ পরীক্ষা পেছানোর কথা বলা হয়েছে। তবে রাজধানীতে অনুষ্ঠেয় একটি সমাবেশের কারণেই এই পরিবর্তন বলে জানা গেছে। আজ রাজধানীর সোহরাওয়ার্দী উদ্যানে ‘শোকরানা মাহফিলের’ আয়োজন করেছে ‘আল-হাইয়াতুল উলইয়া লিল জামিয়াতিল কওমিয়া বাংলাদেশ’। কওমি শিক্ষার সর্বোচ্চ স্তর দাওয়ারায়ে হাদিসকে স্নাতকোত্তরের সমমান দেওয়ায় এই আয়োজন। এ সমাবেশে যোগ দিতে সারা দেশ থেকে মাদরাসা শিক্ষক-শিক্ষার্থীরা ঢাকায় আসবে। এতে কয়েক লাখ মানুষের সমাবেশ হতে পারে। এর ফলে পরীক্ষার্থীদের কেন্দ্রে যাতায়াতে বিঘ্ন ঘটতে পারে। এ জন্যই পরীক্ষা পেছানোর সিদ্ধান্ত হয়েছে।

জানা যায়, গতকাল সকাল ১০টায় শিক্ষামন্ত্রী তাঁর বাসভবনে শিক্ষা মন্ত্রণালয়ের কর্মকর্তা ও পরীক্ষা সংশ্লিষ্ট ব্যক্তিদের নিয়ে জরুরি বৈঠক করেন। পরীক্ষা নির্বাহী করতে ওই বৈঠকেই পরীক্ষা পেছানোর সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

এদিকে স্থগিত পরীক্ষার নতুন সময় নিয়ে ক্ষোভ প্রকাশ করেছেন শিক্ষার্থী ও অভিভাবকরা। আজ ইংরেজি পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার কথা ছিল। এই পরীক্ষা পরিবর্তন করে ৯ নভেম্বর শুক্রবার নেওয়ার কারণে পরীক্ষার্থীদের ওপর লেখাপড়ার চাপ বেড়েছে বলে পরীক্ষার্থী ও অভিভাবকরা অভিযোগ করেছেন। কারণ সূচি অনুসারে ৮ নভেম্বর বৃহস্পতিবার রয়েছে গণিত পরীক্ষা আর শনিবার রয়েছে বিজ্ঞান পরীক্ষা। মাঝখানে মাত্র এক দিন বিরতি ছিল। এই বিরতির দিন শুক্রবারই এখন অনুষ্ঠিত হবে ইংরেজি পরীক্ষা।

জেএসসিতে এই তিনটি পরীক্ষাই সবচেয়ে গুরুত্বপূর্ণ। তাই রুটিনে প্রতিটি পরীক্ষার আগে এক দিন করে সময় রাখা হয়েছিল। কিন্তু পরিবর্তিত রুটিন অনুযায়ী এখন আর কোনো বিরতি থাকল না। পর পর তিন দিন শিক্ষার্থীদের তিনটি গুরুত্বপূর্ণ পরীক্ষা দিতে হবে।

Print

সম্পাদক : ইমদাদুল হক মিলন,

নির্বাহী সম্পাদক : মোস্তফা কামাল,

ইস্ট ওয়েস্ট মিডিয়া গ্রুপ লিমিটেডের পক্ষে ময়নাল হোসেন চৌধুরী কর্তৃক প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বসুন্ধরা, বারিধারা থেকে প্রকাশিত এবং প্লট-সি/৫২, ব্লক-কে, বসুন্ধরা, খিলক্ষেত, বাড্ডা, ঢাকা-১২২৯ থেকে মুদ্রিত।

বার্তা ও সম্পাদকীয় বিভাগ : বসুন্ধরা আবাসিক এলাকা, প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বারিধারা, ঢাকা-১২২৯। পিএবিএক্স : ০২৮৪০২৩৭২-৭৫, ফ্যাক্স : ৮৪০২৩৬৮-৯, বিজ্ঞাপন ফোন : ৮১৫৮০১২, ৮৪০২০৪৮, বিজ্ঞাপন ফ্যাক্স : ৮১৫৮৮৬২, ৮৪০২০৪৭। E-mail : info@kalerkantho.com